

# বণিক বার্তা

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সেমিনারে বক্তারা

## শিক্ষার্থীদের করপোরেট সংস্কৃতিতে অভ্যস্ত হতে হবে

নিজস্ব প্রতিবেদক | ২০১৫-০৬-১২ ইং

কর্মক্ষেত্রের চ্যালেঞ্জ মোকাবেলায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের করপোরেট সংস্কৃতিতে অভ্যস্ত হওয়া প্রয়োজন। বিশেষ করে প্রকৌশল বিষয়ে অধ্যয়নরতদের বিশ্ববিদ্যালয় জীবনের শুরু থেকেই বিভিন্ন কোম্পানি ও শিল্পপ্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত হতে হবে। একাডেমিক পড়াশোনার পাশাপাশি শিক্ষার্থীদের ইন্টার্নশিপ ও করপোরেট প্রতিষ্ঠানে খণ্ডকালীন কাজের সুযোগ দিতে হবে।

রাজধানীর ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ক্যারিয়ার সার্ভিস আয়োজিত দুই দিনব্যাপী ইঞ্জিনিয়ারিং অ্যান্ড কম্পিউটার সায়েন্স ক্যারিয়ার ফোরামের শেষ দিনে সেমিনারে বক্তারা এসব কথা বলেন।

দুদিনের এ আয়োজনে ২৭টি কোম্পানি অংশ নেয়। শিক্ষার্থীদের সঙ্গে করপোরেট কোম্পানি ও কর্মকর্তাদের সঙ্গে যোগসূত্র স্থাপন, সামাজিক দক্ষতা ও দায়বদ্ধতা নিয়ে আটটি সেমিনার অনুষ্ঠিত হয়। এতে মিডিয়া পার্টনার ছিল বণিক বার্তা, রেডিও টুডে ও ঢাকা ট্রিবিউন। সেমিনারে ব্র্যাকের বিভিন্ন অঙ্গপ্রতিষ্ঠান, রবি আজিয়াটা লিমিটেড, ইউনিলিভার বাংলাদেশ, থেরাপি বিডি, বাংলালায়ন, কিউবি, অ্যাডভান্স ম্যানুফ্যাকচারিং গ্রুপসহ বিভিন্ন করপোরেট প্রতিষ্ঠানের প্রতিনিধিরা অংশ নেন।

সেমিনারে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক সৈয়দ সাদ আন্দালিব, ক্যারিয়ার সার্ভিস অ্যান্ড অ্যাপ্রেন্টিস রিলেশন প্রোগ্রামের পরিচালক খান এএন মুর্শিদ, কম্পিউটার বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক হায়দার আলী বক্তব্য রাখেন। ‘কর্মক্ষেত্রে সামাজিক দক্ষতার গুরুত্ব’ শীর্ষক সেমিনারে শিক্ষার্থীদের তথ্যপ্রযুক্তির সঙ্গে যুক্ত থেকে সামাজিক ও করপোরেট ক্ষেত্রে ভূমিকার কথা তুলে ধরেন বণিক বার্তার ব্যবস্থাপনা সম্পাদক হুমায়রা শারমিন।

সম্পাদক ও প্রকাশক: দেওয়ান হানিফ মাহমুদ | © 2011-2015

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বিডিবিএল ভবন (লেভেল ১৭), ১২ কাজী নজরুল ইসলাম এভিনিউ, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইল: [news@bonikbarta.com](mailto:news@bonikbarta.com) বিজ্ঞাপন ও সার্কুলেশন বিভাগ পিএবিএক্স: ৮১৮৯৬২২-২৩, ফ্যাক্স: ৮১৮৯৬১৯